# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯৩৪

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ আমরা যে দু‘আর বর্ণনা দিলাম তা দিয়ে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সর্বাবস্থায় বেশি বেশি দু‘আ করতেন

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الدُّعَاءَ الَّذِي وَصَفْنَاهُ كَانَ مِنْ أَكْثَرِ مَا يَدْعُو بِهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي أَحْوَالِهِ

---

আরবী

934 - أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ الْحَجَّاجِ السَّامِيُّ قَالَ: حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ ثَابِتٍ أَنَّهُمْ قَالُوا لِأَنَسِ بْنِ مَالِكٍ: ادْعُ اللَّهَ لَنَا فَقَالَ: اللَّهُمَّ آتِنَا فِي الدُّنْيَا حَسَنَةً وَفِي الْآخِرَةِ حَسَنَةً وَقِنَا عَذَابَ النَّارِ قَالُوا: زِدْنَا فَأَعَادَهَا قَالُوا: زِدْنَا فَأَعَادَهَا فَقَالُوا: زِدْنَا فَقَالَ: مَا تُرِيدُونَ؟ سَأَلْتُ لَكُمْ خَيْرَ الدُّنْيَا وَالْآخِرَةِ قَالَ أَنَسٌ: وَكَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُكْثِرُ أَنْ يَدْعُوَ بِهَا: (اللَّهُمَّ آتِنَا فِي الدُّنْيَا حَسَنَةً وَفِي الْآخِرَةِ حَسَنَةً وقنا عذاب النار)

الراوي : أَنَس | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 934 | خلاصة حكم المحدث:. صحيح.

বাংলা

৯৩৪. সাবিত রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “একবার লোকজন আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহুকে বলেন, “আপনি আমাদের জন্য আল্লাহর কাছে দু‘আ করুন।” তখন আনাস রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, اللَّهُمَّ آتِنَا فِي الدُّنْيَا حَسَنَةً وَفِي الْآخِرَةِ حَسَنَةً وقنا عذاب النار (হে আল্লাহ, আপনি আমাকে দুনিয়াতে কল্যাণ দান করুন, আখিরাতেও কল্যাণ দান করুন। আর আমাদেরকে আগুনের আযাব থেকে রক্ষা করুন।) লোকজন বললো, “আরো দু‘আ করুন।” তিনি পূর্বের দু‘আটি আবার করলেন। লোকজন আবার বললো, “আরো একটু দু‘আ করুন।” তিনি পূর্বের দু‘আটি আবার করলেন। লোকজন আবার বললো, “আরো একটু দু‘আ করুন।” তখন তিনি বললেন, “আপনারা কী চান? আমি আপনাদের জন্য দুনিয়া ও আখেরাতে কল্যাণ চাইলাম।” আনাস রাদ্বিয়াল্লাহু

আনহু বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এই দু'আটি বেশি বেশি করতেন, اللَّهُمَّ آتِنَا فِي الدُّنْيَا حَسَنَةً وَفِي الْآخِرَةِ حَسَنَةً وقنا عذاب النار (হে আল্লাহ, আপনি আমাকে দুনিয়াতে কল্যাণ দান করুন, আখিরাতেও কল্যাণ দান করুন। আর আমাদেরকে আগুনের আযাব থেকে রক্ষা করুন।)[1]

## ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১০/২৪৮; মুসনাদ আহমাদ: ৩/২৪৭; বাগাবী, শারহুস সুন্নাহ: ১৩৮১; ইমাম বুখারী, আদাবুল মুফরাদ: ৬৩৩।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (মুখতাসারুল আদাবুল মুফরাদ: ৫২৫।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ সাবিত ইবন যাহহাক আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89439

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন